গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৬.২৭.৬৯৮.১৮- ২৭৩

তারিখঃ ০৪ কার্তিক ১৪২৯ / ২০ অক্টোবর ২০২২

বিষয়: ২০ অক্টোবর ২০২২ তারিখ পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ কমিটির সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ২০ অক্টোবর ২০২২, বৃহস্পতিবার
সময় : সকাল ১০.০০ ঘটিকা
স্থান : সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), কক্ষ নং-১১৩৭, (ব্লক-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভায় উপস্থিতি : পরিশিষ্ট "ক" (সংযুক্ত)

গত ৩১/০৭/২০২২ তারিখের স্মারক নং ৫২.০০.০০০০.০০৬.১৮.৬৪৯.১৪-৫৯ নং স্মারকের মাধ্যমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাদের সমন্বয়ে পরিসংখ্যান ভবনে পরিষ্কার পরিচ্ছন্নতা ও নিরাপত্তা বিষয়ক যৌথ কমিটি গঠনের অফিস আদেশ জারি করা হয়েছে। এরই ধারাবাহিকতায় গত ২০/১০/২০২২ তারিখ পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ কমিটি সদস্যদের উপস্থিতিতে পরিসংখ্যান ভবনের সিঁড়ি, ছাদ, ছাদে স্থাপিত সোলার প্যানেল,ভবনের বেইজম্যান্ট, ক্যান্টিন, ছাদে স্থাপিত পানির ট্যাংকসহ অন্যান্য স্থান পরিদর্শন করা হয় এবং পরিদর্শন শেষে একটি সভা আহবান করা হয়।

০২। পরিসংখ্যান ভবনের সিঁড়ি, ছাদ, ছাদে স্থাপিত সোলার প্যানেল, করিডোর, ভবনের বেইজম্যান্ট এবং ক্যান্টিন পরিদর্শনকালে ভবনের নিরাপত্তা, পরিষ্কার-পরিচ্ছন্নতা,যত্রতত্র ছড়িয়ে ছিটিয়ে থাকা অপ্রয়োজনীয় আসবাবপত্র, বইপুস্তক ময়লা-আবর্জনা, লিফলেট, বিলবোর্ড ও অন্যান্য বিষয়াদির ব্যাপারে আরো সচেতনতাসহ ভবনের কর্ম-পরিবেশ, নিরাপত্তা সংক্রান্ত ও স্বাস্থ্যগত বিষয়গুলোর উপর সজাগ দৃষ্টি দিতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

সভায় বিভিন্ন বিষয়ে আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	পরিসংখ্যান ভবনের প্রধান গেইট পরিষ্কার পরিচ্ছন্ন রাখা সংক্রান্ত।	প্রতিদিন ৭.৩০ এর মধ্যে কর্মকর্তাগণ অফিসে প্রবেশের আগে জীবানুনাশক দিয়ে ভবনের প্রধান গেইট, বঙ্গবন্ধু কর্ণার এবং লিফটের সামনের ফ্লোরসহ সকল ব্লকের ফ্লোর পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে পরিচ্ছন্নকর্মীদের নির্দেশ প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	বিবিএস
২	পরিসংখ্যান ভবনের বেইজমেন্টে অগ্নিনিরোধক দরজা স্থাপন সংক্রান্ত।	পরিদর্শনকালে দেখা যায় যে, পরিসংখ্যান ভবনের বেইজমেন্টে প্রবেশের ৪ টি পথ রয়েছে। বেইজমেন্টে অনাকাঙ্খিত কোন অগ্নিদূর্ঘটনা দেখা দিলে সম্পূর্ণ ভবনে ছড়িয়ে পড়ার সম্ভাবনা রয়েছে। তা থেকে রক্ষা পাওয়ার জন্য ৪ টি অগ্নিনিরোধক দরজা স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	বিবিএস
৩	ভবনের চারপাশে সিসিটিভি ক্যামেরা স্থাপন সংক্রান্ত।	পরিসংখ্যান ভবনের নিরাপত্তা ও অনাকাঙ্খিত বিভিন্ন বিষয়ের কথা চিন্তা করে ভবনের সামনের অংশসহ চারপাশে সিসিটিভি ক্যামেরা স্থাপনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	বিবিএস
৪	ভবনের লিফট চালু রাখা ও অচল লিফট মেরামত সংক্রান্ত	অফিসে জরুরী দাপ্তরিক কাজের জন্য কর্মকর্তা/কর্মচারীদের সময়ে অসময়ে অফিস আসতে হয়। সে জন্য অন্তত ১ টি লিফট সার্বক্ষণিক চালু রাখাসহ অচল লিফট মেরামতের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	বিবিএস

চলমান পাতা-২

নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৫	বিভিন্ন দিবসের ব্যানার সংরক্ষণ সংক্রান্ত।	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক যৌথভাবে বিভিন্ন দিবস পালন করা হয়। যার জন্য ভবনে ব্যানার, ফেস্টুন ঝুলানো হয় কিন্তু দিবস পালনের পরেও অনেক দিন সে সকল ব্যানার ও ফেস্টুন এলোমেলো এবং জরাজীর্ণ হয়ে ঝুলানো থাকে, যা অশোভনীয় দেখায়। এগুলো দিবস পালনের পরে সরিয়ে রেখে যথাযথভাবে সংরক্ষণের করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	বিবিএস
৬	পরিসংখ্যান ভবনের চারপাশের ড্রেন ও পয়:নিষ্কাশন সংক্রান্ত।	পরিসংখ্যান ভবনের চারপাশে পানি নিষ্কাশনের ড্রেনসমূহে ময়লা আবর্জনা জমে যাতে ডেঙ্গু জ্বরের প্রার্দুভাব বৃদ্ধি না পায় সে জন্য প্রতিদিন ড্রেনসমূহ পরিষ্কার করে পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	বিবিএস
৭	পরিসংখ্যান ভবনের বিভিন্ন উইং এর স্টোর পরিষ্কার সংক্রান্ত।	পরিদর্শন কালে দেখা যায় যে, পরিসংখ্যান ভবনের বিভিন্ন উইং এবং ফ্লোরে স্থাপিত স্টোরে অনেক পুরাতন অকেজো মালামাল রয়েছে। সেগুলো অপসারণ করে সকল স্টোর পরিষ্কার রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	বিবিএস এর সংশ্লিষ্ঠ প্রকল্প পরিচালক
৮	পরিসংখ্যান ভবনের ক্যান্টিন পরিষ্কার সংক্রান্ত	পরিসংখ্যান ভবনের নিচতলায় অবস্থিত ক্যান্টিনে সতেজ ও বিশুদ্ধ খাবার পরিবেশনসহ সকল পরিবেশনকারীদের নির্দিষ্ট ও পরিচ্ছন্ন পোষাক পরিধান করার জন্য ক্যান্টিন ম্যানেজারকে নির্দেশ প্রদান করা হলেও মানসম্মত সেবা প্রদান করা হচ্ছে না। ক্যান্টিনের পরিচালনার দায়িত্ব দীর্ঘদিন একই ব্যক্তির অধীনে বিধায় এসব সমস্যা উদ্ভব হচ্ছে। **তাই ক্যান্টিন পরিচালনার জন্য নতুন পরিচালক নির্ধারণ এবং ক্যান্টিনের অভ্যন্তরে বিভিন্ন মালামাল সরিয়ে রাখার জন্য** সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	বিবিএস
৯	সোলার প্যানেল মেরামত সংক্রান্ত	পরিসংখ্যান ভবনের ছাদে স্থাপিত সোলার প্যানেলসমূহের অধিকাংশ দীর্ঘ দিন যাবত নষ্ট ও অকেজো হয়ে আছে। সেগুলো জরুরী ভিত্তিতে মেরামত করে সচল করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	বিবিএস
১০	বিদুৎ সাশ্রয় সংক্রান্ত।	পরিসংখ্যান ভবনের বিভিন্ন ফ্লোরে অপ্রয়োজনীয় লাইট, ফ্যান বন্ধ রাখাসহ অফিস সময়ের পরে সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি এবং বন্ধ করার বিষয়ে সকল কর্মকর্তা/কর্মচারীদের সচেতনতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	বিবিএস

০৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় আহবায়ক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

মো: ফরিদ হোসেন
সিনিয়র সহকারী সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
ও
সদস্য সচিব, পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ কমিটি

মো: সাকিব-আল-রাব্বি
সিনিয়র সহকারী সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
ও
সদস্য, পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ কমিটি

মোহাম্মদ এনামুল হক
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ও
সদস্য, পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ কমিটি

মো: হারুনুর রশীদ
সহকারী পরিসংখ্যান কর্মকর্তা
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ও
সদস্য, পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ কমিটি

পরিচালক (ভা:)
এফএ এন্ড এমআইএস
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ও
আহবায়ক, পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ কমিটি